গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত ডিসেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
সভার তারিখ	১৯ ডিসেম্বর ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ০১:২০ টা
স্থান	বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি “মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না” মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়ন করার নিমিত্ত সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলের প্রতি আহবান জানান। তিনি উল্লেখ করেন, রাজশাহী বিভাগে ৪র্থ পর্যায়ে ১২/১২/২০২২ ও ১৩/১২/২০২২ তারিখের নতুন বরাদ্দসহ মোট বরাদ্দপ্রাপ্ত ৭২৬৫টি ঘরের নির্মাণ কাজ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত নির্দেশনা ও সর্বশেষ প্রাপ্ত প্রাক্কলন, ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। এছাড়াও তিনি রাজশাহী বিভাগের ২টি জেলাকে সম্পূর্ণরূপে এবং অবশিষ্ট ৬টি জেলার ১৭টি উপজেলাসহ মোট ২৫টি উপজেলায় বরাদ্দপ্রাপ্ত সকল ঘর নির্মাণ কাজ সম্পন্ন করে আগামী জানুয়ারি, ২০২৩ মাসের মধ্যে "ক" শ্রেণির সকল পরিবারকে পুনর্বাসনের মাধ্যমে ২৫টি উপজেলাকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ঘোষণার প্রয়োজনীয় যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার উপর বিশেষ গুরুত্বারোপ করেন।

২. পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন:

সভায় নভেম্বর, ২০২২ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ হয়।

৩. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

নভেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপঃ

ক্রমিক নং	সভার তারিখ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়িত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের হার
০১	২২/১১/২০২২ খ্রি.	০৪টি	০৩টি	৮০%

অবশিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে এবং জেলা প্রশাসকগণ সচেষ্ট আছেন মর্মে সভায় অবহিত করা হয়।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা হতে প্রাপ্ত 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় অবহিত করেন। পর্যালোচনায় দেখা যায়, রাজশাহী বিভাগে ভূমিহীন-গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণির পরিবার সংখ্যা ৩২৩১২টি। ১ম, ২য় ও ৩য় পর্যায়ে পুনর্বাসিত পরিবারের সংখ্যা (৭১১৯+৭১৭২+৭৪৭০)= ২১৭৬১টি। ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা সর্বশেষ বরাদ্দসহ মোট ৭২৬৫টি। ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে মোট বরাদ্দপ্রাপ্ত ঘরের সংখ্যা (২১৭৬১+৭২৬৫)= ২৯০২৬টি। অবশিষ্ট পরিবারের সংখ্যা (৩২৩১২-২৯০২৬)= ৩২৮৬টি। অন্যভাবে পুনর্বাসিত/পুনর্বাসিতব্য পরিবারের সংখ্যা ১০৪৪টি (আশ্রয়ন প্রকল্পের ব্যারাক, গুচ্ছগ্রাম, বেসরকারি দান ও উপজেলা পরিষদের অর্থায়ন)। অবশিষ্ট ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা (৩২৮৬-১০৪৪)= ২২৪২টি। গত ১২/১২/২০২২ তারিখে রাজশাহীতে ৩২৩টি, নাটোর এ ৬২২টি, নওগাঁতে ২৪৬টি, পাবনায় ২০০টি এবং সিরাজগঞ্জ এ ১৯১টিসহ মোট ১৫৮২টি এবং ১৩/১২/২০২২ তারিখে সিরাজগঞ্জ আরও ৭০টি ঘরের বরাদ্দ পাওয়ায় ৪র্থ পর্যায়ে মোট বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা (৫১৪৯+৪৬৪+১৫৮২+৭০)= ৭২৬৫টি। যার মধ্যে ৫৫৮০টি গৃহের নির্মাণ কাজ চলমান রয়েছে এবং অগ্রগতির হার ৪৬.২৩%। বরাদ্দপ্রাপ্ত অবশিষ্ট ১৬৮৫টি গৃহের নির্মাণ কাজ দ্রুত শুরু করা প্রয়োজন। সভায় এ বিভাগের চাঁপাইনবাবগঞ্জ এবং জয়পুরহাট জেলার সকল উপজেলাসহ রাজশাহী বিভাগের মোট ২৫টি উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত জেলা ও উপজেলা ঘোষণার কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং ১৭/১২/২০২২ তারিখের ভিডিও কনফারেন্স এর সিদ্ধান্ত অনুযায়ী ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের নির্মাণ কাজ জানুয়ারি, ২০২৩ মাসের মধ্যে শেষ করার পরিকল্পনা গ্রহণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ তথ্যাদি উপস্থাপিত হয়:

৪. একনজরে রাজশাহী বিভাগে ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের নির্মাণ অগ্রগতির তথ্য:

জেলার নাম	"ক" শ্রেণির ভূমিহীন-গৃহহীন পরিবারের সংখ্যা	১ম, ২য় ও ৩য় পর্যায়ে পুনর্বাসিত পরিবারের সংখ্যা	গুচ্ছগ্রাম, ব্যারাক নির্মাণ ও অন্যভাবে পুনর্বাসিত পরিবার সংখ্যা	৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা	নির্মাণ কাজ শুরু হয়েছে এমন গৃহের সংখ্যা	গড় অগ্রগতি (%)
১	২	৩	৪	৫	৬	৭
রাজশাহী	৪৩২১	২৮৭০	০	১১২৮	১১২৮	৭৩.৭২
চাঁপাইনবাবগঞ্জ	৪৯৪৫	৪৫৮৯	১২৬	২৩০	২২৪	৬৫.৩৩
নওগাঁ	৪২১৯	২২৯৫	১৫০	১৩১৫	১০৬৯	৩২.১০
নাটোর	৫২৬০	৩৫০৩	২৭০	৬৫৭	৬৫৭	৩৯.৬০
পাবনা	৪২০৫	২১৩৭	০	১০৩৭	৮৮৭	৩৮.১৯
সিরাজগঞ্জ	৩৫০৯	২১১৫	২৪৮	৩৪১	৩৪১	৭০.৬৩
বগুড়া	৪৮০৫	৩৫৯৩	০	১২১২	১১৩৫	৩৪.৪২
জয়পুরহাট	১০৪৮	৬৫৯	২৫০	১৩৯	১৩৯	৫৯.৬০
বিভাগের মোট	৩২৩১২	২১৭৬১	১০৪৪	৬০৫৯	৫৫৮০	৪৬.২৩

৫। বিস্তারিত আলোচনা করত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

১। মুজিব শতবর্ষে ৪র্থ পর্যায়ে নির্মিত গৃহে পুনর্বাসনের লক্ষ্যে চিহ্নিত পরিবারের অনুকূলে জমি বন্দোবস্ত প্রদান, কবুলিয়ত সম্পাদন ও নামজারি কার্যক্রম ১৫ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতঃ উদ্বোধনের জন্য প্রস্তুত রাখতে হবে। ২। ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত সকল গৃহের নির্মাণ কাজ আগামী ৩১/০১/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। ৩। সর্বশেষ হালনাগাদ তালিকা অনুযায়ী অবশিষ্ট ভূমিহীন-গৃহহীন পরিবার পূনর্বাসনের জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে এবং গৃহিত কর্মপরিকল্পনা আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়সহ এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৪। ১ম, ২য় ও ৩য় পর্যায়ে হস্তান্তরিত গৃহসমূহে উপকারভোগীগণ বসবাস করেন কিনা তা পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন গৃহে উপকারভোগী বসবাস না করলে বা বসবাস করতে অনিচ্ছুক হলে যৌক্তিকতা যাচাইপূর্বক উপজেলা টাস্কফোর্স কমিটির অনুমোদনক্রমে ঐ উপকারভোগীর বরাদ্দ বিধিমতে বাতিল এবং গৃহহীন ও ভূমিহীনের অবশিষ্ট তালিকা হতে আগ্রহী পরিবারের অনুকূলে জমি বন্দোবস্ত ও গৃহ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২২.১৩৯৪

তারিখ: ৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্প-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।
৫) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৬) উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/পাবনা সদর/পাবনা/বগুড়া সদর/বগুড়া/নাটোর/জয়পুরহাট/নওগাঁ।
৭) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী(ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।
৮) সহকারী কমিশনার (ভূমি), রাজশাহী/চারঘাট/রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার